



বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন  
টিসিবি ভবন (৪র্থ তলা) ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫  
ওয়েবসাইট: [www.berc.org.bd](http://www.berc.org.bd)

নং-২৮.০১.০০০০.০১২.১৭.০০২.২৪.১৭৫৬

তারিখ: ২০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ  
০৩ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

**Saudi CP অনুযায়ী ভোক্তাপর্যায়ে বেসরকারি এলপিগিজ ও অটোগ্যাসের মূল্য এবং সরকারি এলপিগিজ'র মূল্য সমন্বয় বিজ্ঞপ্তি।**


এপ্রিল ২০২৪ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৬১৫.০০ মার্কিন ডলার এবং ৬২০.০০ মার্কিন ডলার এবং প্রোপেন ও বিউটেনের অনুপাত ৩৫:৬৫ অনুযায়ী প্রোপেন ও বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৬১৮.২৫ মার্কিন ডলার বিবেচনায় এপ্রিল ২০২৪ মাসের জন্য বেসরকারি এলপিগিজ ও অটোগ্যাসের ভোক্তাপর্যায়ে মূল্য নিম্নলিখিতভাবে সমন্বয় করা হলো:

(ক) বেসরকারি এলপিগিজ'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মুসকসহ মূল্য প্রতি কেজি ১২০.১৮ টাকায় এবং বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিগিজ'র ভোক্তাপর্যায়ে মুসকসহ মূল্য নিম্নরূপভাবে সমন্বয় করা হলো:

**বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিগিজ'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, এপ্রিল-২০২৪**

বিবরণ	বোতলজাতকৃত এলপিগিজ'র পরিমাণ ও মূল্য												
	৫.৫ কেজি	১২ কেজি	১২.৫ কেজি	১৫ কেজি	১৬ কেজি	১৮ কেজি	২০ কেজি	২২ কেজি	২৫ কেজি	৩০ কেজি	৩৩ কেজি	৩৫ কেজি	৪৫ কেজি
রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে বিক্রয়মূল্য (মুসকসহ)	৬৬১ টাকা	১,৪৪২ টাকা	১,৫০২ টাকা	১,৮০৩ টাকা	১,৯২৩ টাকা	২,১৬৩ টাকা	২,৪০৪ টাকা	২,৬৪৪ টাকা	৩,০০৫ টাকা	৩,৬০৫ টাকা	৩,৯৬৬ টাকা	৪,২০৬ টাকা	৫,৪০৮ টাকা

- (খ) রেটিকুলেটেড পদ্ধতিতে (i) তরল অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিগিজ'র ভোক্তাপর্যায়ে মুসকসহ মূল্য প্রতি কেজি ১১৬.৩৬ টাকায় এবং (ii) গ্যাসীয় অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিগিজ'র ভোক্তাপর্যায়ে মুসকসহ মূল্য প্রতি লিটার ০.২৫৮৬ টাকায় বা প্রতি ঘনমিটার ২৫৮.৬০ টাকায় সমন্বয় করা হলো।
- (গ) ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মুসকসহ মূল্য প্রতি লিটার ৬৬.২১ টাকায় সমন্বয় করা হলো।
- সমন্বয়কৃত উক্ত মূল্য ২০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/ ০৩ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।
  - ০৩ মার্চ ২০২৪ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২৪/০৩ অনুযায়ী সরকারি এলপিগিজ'র ডিলার/রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মুসকসহ মূল্যহার প্রতি ১২.৫০ কেজি ৬৯০.০০ টাকা অপরিবর্তিত থাকবে।
  - প্রত্যেক এলপিগিজ মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী এলপিগিজ মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মুসক-উত্তর/মুসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিগিজ বিক্রয় করবে এবং সে অনুযায়ী মুসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।
  - কোনো পর্যায়ে (এলপিগিজ মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে এলপিগিজ (বোতলজাতকৃত এবং রেটিকুলেটেড সিস্টেমের মাধ্যমে সরবরাহকৃত)/অটোগ্যাস বিক্রয় করা যাবে না।
  - ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/ ১০ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ এর অন্যান্য আদেশ ও নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
  - বিস্তারিত মূল্য সমন্বয় আদেশ (বিইআরসি আদেশ নম্বর: ২০২৪/০৪) কমিশনের ওয়েবসাইট [www.berc.org.bd](http://www.berc.org.bd) এ পাওয়া যাবে।

কমিশনের আদেশক্রমে,  
  
ব্যারিস্টার মোঃ আলিমুর রহমান খান  
সচিব, বিইআরসি।  
ফোন: ০২-৫৫০১৪০০৭